

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪২৬৯(আগরতলা, ২১।০২)  
আমবাসা, ২১ ফেব্রুয়ারি, ২০১৯

সিদ্ধাপাড়া ভিলেজে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ

গঙ্গানগর ব্লকের সিদ্ধাপাড়া ভিলেজে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে চলতি অর্থ বছরে এম জি এন রেগায় ৭টি কাঁচা রাস্তা নির্মাণের কাজ চলছে। এরজন্য ব্যয় হবে ২৯ লক্ষ ১৩ হাজার ৩৬টাকা। এছাড়া ধলাই জেলা টি আর পি এবং পি টি জি কার্যালয়ের উদ্যোগে এম জি এন রেগায় ১১৬টি পরিবারকে ০.৫ হেক্টর করে সুপারীর বাগান করে দেওয়া হয়েছে। এরজন্য ব্যয় হয়েছে ৪৪ হাজার ৪০০ টাকা। অন্যদিকে, স্বচ্ছ ভারত মিশন, স্বচ্ছ ভারত কোশ ও এম জি এন রেগায় এই ভিলেজের ৪৪৪টি পরিবারকে বিজ্ঞানসম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। প্রতিটি পরিবারের শৌচালয় নির্মাণে ব্যয় হয়েছে ১২ হাজার টাকা। সংশ্লিষ্ট ভিলেজ কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

\*\*\*\*\*